

তিনি বই না রাখার শর্তে আদর্শকে বইমেলায় স্টল দিতে নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ঢাকা

একুশে বইমেলা ফাইল ছবি

তিনটি বই প্রদর্শন ও বিক্রি না করার শর্তে একুশে বইমেলায় আদর্শ প্রকাশনীকে অবিলম্বে স্টল বরাদ্দ দিতে বাংলা একাডেমিকে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট।

তিনটি বই বইমেলায় প্রদর্শন ও বিক্রি করা হবে না বলে প্রকাশনীর অঙ্গীকারের পর আজ বুধবার হাইকোর্ট রঞ্জসহ এ আদেশ দেন। বিচারপতি মো. খসরুজামান ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ আজ এ আদেশ দেন।

একুশে বইমেলায় আদর্শ প্রকাশনীকে স্টল বরাদ্দ না দেওয়ার বৈধতা চ্যালেঞ্জ করে ২ ফেব্রুয়ারি প্রকাশনীর স্বত্ত্বাধিকারী মো. মাহাবুবুর রহমান আবেদনকারী হয়ে রিটের করেন। রিটের ওপর গতকাল মঙ্গলবার ও আজ শুনানি নিয়ে আদেশ দেন আদালত।

আদর্শ প্রকাশনীর তিনটি বই নিয়ে গতকাল শুনানিতে আপত্তি ওঠে। তিনটি বই হচ্ছে, ফাহাম আবদুস সালামের লেখা 'মিডিয়োক্রিটির সন্ধানে', জিয়া হাসানের 'উন্নয়ন বিভ্রম' এবং ফয়েজ আহমদ তৈয়বের 'অপ্রতিরোধ্য উন্নয়নের অভাবনীয় কথামালা।'

বিজ্ঞাপন

গতকাল আদালত তিনটি বই প্রদর্শন ও বিক্রি না করার বিষয়ে রিট আবেদনকারীপক্ষকে অঙ্গীকারনামা দিতে বলে আজ আদেশের জন্য রাখেন। আদালতে রিটের পক্ষে আইনজীবী অনীক আর হক শুনানি করেন। রাষ্ট্রপক্ষে শুনানিতে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল সেলিম আজাদ।

পরে আইনজীবী অনীক আর হক প্রথম আলোকে বলেন, ওই তিনটি বই মেলায় প্রদর্শন ও বিক্রি করা হবে না বলে আদালতে অঙ্গীকারনামা দাখিলের পর হাইকোর্ট অবিলম্বে আদর্শ প্রকাশনীকে স্টল বরাদ্দ দিতে নির্দেশ দিয়েছেন।

ৱলে ২০২৩ সালের অমর একুশে বইমেলায় আদর্শকে স্টল বরাদ্দ না দেওয়া কেন অবৈধ হবে না, তা জানতে চাওয়া হয়েছে। বাংলা একাডেমির চেয়ারম্যান, মহাপরিচালক, সচিবসহ চার বিবাদীকে চার সপ্তাহের মধ্যে রূলের জবাব দিতে বলা হয়েছে।



সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো